বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax- 8189029

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ২৯৭ তারিখঃ ১৩/০৪/২০১৭ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ সঞ্চয় ফেরতের তথ্য প্রেরণ।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা" প্রকল্পের অন্যতম প্রধান কাজ সুফলভোগী সদস্যদের পুঁজি গঠন করা। প্রকল্পভূক্ত সুফলভোগী গ্রামীণ নারীদের দৈনন্দিন ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় সংগ্রহের মাধ্যমে পুঁজি গঠন করত: উহা তাদের উন্নয়ন কর্মকান্ডে বিনিয়োগ করাই পুঁজি গঠনের মূল উদ্দেশ্য। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে কোন কোন উপজেলায় প্রতিনিয়ত বিপুল পরিমান সঞ্চয় নগদে ফেরত প্রদান করা হচ্ছে; যা পুঁজি গঠন প্রক্রিয়ার অন্তরায়। তাই প্রকল্পভূক্ত উপজেলাসমূহে জুলাই/২০১৫ হতে মার্চ/২০১৭ পর্যন্ত কি পরিমান সঞ্চয় নগদে ফেরত প্রদান করা হয়েছে বা সদস্য কর্তৃক নগদে উত্তোলন করা হয়েছে তা জানা প্রয়োজন।

এমতাবস্থায়, উপজেলার সমিতিওয়ারী উক্ত সময়ে নগদে সঞ্চয় উত্তোলন/ফেরত সংক্রান্ত তথ্য নিম্নোক্ত ছক মোতাকে আগামী ৩০/৪/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্প সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ছক : নগদে সঞ্চয় উত্তোলন/ফেরতের তথ্য

জেলা : উপজেলা:

ক্রমিক নং	মহিলা সমিতির নাম	জুলাই/২০১৫ হতে মার্চ/২০১৭ পর্যন্ত	
		সঞ্চয় উত্তোলনকারী সদস্য সংখ্যা (জন)	মোট সঞ্চয় ফেরত (টাকা)
	মোট =		

বিষয়টি অতীব জরুরী।

১৩/০৪/১৭
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
----------উপজেলা
---------- জেলা।

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। উপপরিচালক, বিআরডিবি, ----------জেলা।
২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ ----------,জেলাঃ ---------।
৬। অফিস কপি।